অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে শ্বাসযন্ত্রের অসুস্থতা থেকে রক্ষা করতে জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করলেন

স্টেটের স্বাস্থ্য কমিশনারের ভিডিও বার্তা শ্বাসযন্ত্রের অসুস্থতা ত্রিমুখী ঝুঁকির ব্যাপারে সাবধান করে, যার মধ্যে আছে RSV, ফ্লু এবং কোভিড-19

নতুন ভিডিও ক্লিপ নিউ ইয়র্কবাসীদের ফ্লু ও কোভিড-19 টিকা ও বুস্টার গ্রহণের; নিজেদের ও নিজেদের পরিবারকে সুরক্ষা প্রদানের জন্য ব্যবস্থা নিতে আহ্বান জানায়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এই ফল মৌসুমে ছড়াতে থাকা শ্বাসযন্ত্রের ভাইরাস সংক্রমণ এবং নিউ ইয়র্কবাসীরা নিজেকে, নিজের পরিবারকে এবং নিজের সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে কী পদক্ষেপ নিতে পারে সেই সম্পর্কে একটি নতুন জনসচেতনতা ক্যাম্পেইন শুরু করলেন নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) তৈরি ভিডিও ক্লিপ তিনটি একাধিক সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে অনলাইনে চলবে এবং এখানে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট নিউ ইয়র্কবাসীদেরকে সরাসরি তিনটি ভাইরাসের কথা জানাচ্ছেন, রেস্পিরেটরি সিনসিশিয়াল ভাইরাস (Respiratory Syncytial Virus, RSV), ফ্লু এবং কোভিড-19, যা এখন একই ধরনের লক্ষণ নিয়ে ছড়িয়ে পড়ছে এবং যা মারাত্মক অসুস্থতার কারণ হতে পারে।

"শ্বাসযন্ত্রের অসুস্থতার বিরুদ্ধে আমাদের লড়াই শুরু হয় সংক্রমণ থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা দিয়ে, এবং আমরা এইসব ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং দুর্বল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ ও স্বাস্থ্যবান রাখার জন্য ব্যবস্থা গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "এই সচেতনতা ক্যাম্পেইনটি সংক্রামক ব্যাধির বিস্তার রোধে এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য সুরক্ষিত রাখতে সবকিছু করার জন্য আমাদের বহুমুখী, আগ্রাসী প্রচেষ্টার অংশ।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "এই ভিডিওগুলি সকল নিউ ইয়র্কবাসীকে এই মৌসুমে ছড়িয়ে পড়তে থাকা শ্বাসযন্ত্রের ভাইরাসগুলি সম্পর্কে এবং মানুষ নিজেদের ও নিজেদের প্রিয়জনদের সুরক্ষিত রাখতে কী ব্যবস্থা নিতে এপারে সেই সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ বার্তা প্রদান করে। এই নতুন জনসচেতনতা ক্যাম্পেইনটি স্বাস্থ্য বিভাগের অন্যান্য জনসচেতনতা প্রচেষ্টাকে জোরদার করে, এই ফল মৌসুম ও শীতকালে নিউ ইয়র্কবাসীকে RSV, ফ্লু ও কোভিড-19 এ আক্রান্ত হওয়া ও তা বিস্তার করা এড়াতে কিছু

বাস্তব উপায় প্রদান করে, যার মধ্যে রয়েছে পিতামাতাদেরকে নিজেকে ও তাদের 6 মাস ও তার বেশি বয়সী সন্তানদের ফ্লু ও কোভিড-19 উভয় টিকাদানের কথা মনে করিয়ে দেওয়া।"

স্বাস্থ্য বিভাগ সোশ্যাল মিডিয়াতে শেয়ার করার জন্য তিনটি ভিডিও তৈরি করেছে: পিতামাতার উদ্দেশ্যে বানানো একটি ছোট ক্লিপ এবং একটি দীর্ঘতর সংস্করণ; এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে বিশেষভাবে বানানো একটি সংস্করণ।

যদিও RSV প্রতি ফল মৌসুম ও শীতকালের একটি প্রচলিত ভাইরাস, তবে এটি খুব ছোট শিশুদের জন্য মারাত্মক হতে পারে, বিশেষ করে যারা সময়ের পূর্বে জন্মগ্রহণ করেছে বা তাদের এক বছরের কম বয়স, এবং একই সাথে বয়স্ক ব্যক্তি ও দীর্ঘস্থায়ী ফুসফুস বা হৃদরোগ বা দুর্বল ইমিউন সিস্টেমের মতো স্বাস্থ্য সমস্যাসহ ব্যক্তিদের জন্য। শ্বাসযন্ত্রের ভাইরাসগুলির বিরুদ্ধে সেরা প্রতিরোধ হলো মৌসুমী ফ্লু এবং কোভিড টিকা গ্রহণ করা, কোভিড-19 বুস্টারের সাথে হালনাগাদ থাকা, সামাজিক দূরত্ব বজায় রাখা, ভিড়ের মধ্যে মাস্ক পরিধান করা এবং যথাযথ পরিচ্ছন্নতা বজায় রাখা, যার মধ্যে ঘনঘন হাত ধোওয়া রয়েছে।

স্বাস্থ্য বিভাগ আঞ্চলিক হাসপাতালের ধারণক্ষমতা পর্যবেক্ষণ করে যাচ্ছে এবং হাসপাতাল ও স্বাস্থ্যসেবা ব্যবস্থার সাথে জড়িত হচ্ছে যারা তাদের জরুরি বিভাগ এবং ইনপেশেন্ট ইউনিটে স্বাভাবিকের থেকে বেশি মাত্রার রোগী দেখতে পারে। এজেন্সি অসুস্থ বা একটি শ্বাসযন্ত্রের ভাইরাসের লক্ষণসহ সকলকে তাগিদ দিচ্ছে প্রথমে নিজেদের প্রাথমিক সেবাদানকারীর সাথে পরামর্শ করার জন্য।

পিতামাতাদের জন্য ডাঃ ব্যাসেটের বার্তার পূর্ণ লিপি:

> *এই ফল মৌসুমে, আমরা RSV, ফ্লু কোভিড-19 এর মতো শ্বাসযন্ত্রের সংক্রমণের ত্রিমুখী ঝুঁকিতে রয়েছি।*
>
> *RSV নতুন ভাইরাস নয়, কিন্তু এটি খুব ছোট শিশুদের জন্য মারাত্মক হতে পারে।*
>
> *আমরা কিছু কাজ করতে পারি, যেমন হাত ধোওয়া, শিশুদের টিস্যু বা তাদের কনুইয়ে কাশি বা হাঁচি দেওয়া শেখাতে পারি।*
>
> *আপনি ও আপনার সন্তান অসুস্থ হলে বাড়িতে থাকা নিশ্চিত করুন।*
>
> *পিতামাতা ও অভিভাবকগণ, অনুগ্রহ করে আপনার সন্তানকে জরুরি কক্ষে নিয়ে যাওয়ার পূর্বে আপনার শিশুরোগ বিশেষজ্ঞ বা অন্য সেবাদানকারীর সাথে দেখা করুন।*
>
> *আপনার বার্ষিক ফ্লু টিকা গ্রহণ করুন এবং হালনাগাদকৃত বাইভ্যালেন্ট বুস্টারসহ কোভিড টিকা হালনাগাদ রাখুন, এগুলি মারাত্মক অসুস্থতা এবং হাসপাতালে ভর্তি হওয়া থেকে রক্ষা করবে।*

ঘরের ভেতরে মাস্ক পরিধান করার কথা মনে রাখবেন, বিশেষ করে যদি আপনি ছোট শিশু, বা বয়স্ক ব্যক্তি, বা দীর্ঘমেয়াদি অন্তর্নিহিত অসুস্থতাসহ মানুষের সাথে বাস করেন।

নিরাপদ থাকুন, ধন্যবাদ।

স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য ডাঃ ব্যাসেটের বার্তার লিপি:

আবহাওয়া ঠাণ্ডা হয়ে আসছে এবং অনুমানযোগ্যভাবেই শ্বাসযন্ত্রের ভাইরাল সংক্রমণ বেড়ে যাচ্ছে এবং RSV, ফ্লু ও কোভিড-19 বাড়ছে।

পিতামাতা ও অভিভাবকেরা উদ্বিগ্ন, এবং স্বাস্থ্যসেবা প্রদানকারী হিসেবে আপনারা সাহায্য করতে পারবেন। বাস্তব অভিজ্ঞতা দ্বারা সত্যি প্রমাণ হওয়া বিষয়ে গুরুত্ব দেওয়া সর্বদা কার্যকর: হাত ধোওয়া, পৃষ্ঠতলসমূহকে জীবাণুমুক্ত করা এবং ভেন্টিলেশন।

শিশুদের উচিত নিজেদের হাঁচি ও কাশি একটি টিস্যু বা তাদের জামার হাত ব্যবহার করে ঢাকতে শেখা। পিতামাতাকে উৎসাহিত করুন যাতে অসুস্থ শিশুদের বাসায় রাখা হয়। পানি পান করুন এবং লক্ষণ ব্যবস্থাপনা করুন।

ঘরের ভেতরে মাস্ক পরিধান এবং সামাজিক দূরত্ব তাদের জন্য গুরুত্বপূর্ণ হতে পারে যারা উচ্চ ঝুঁকিগ্রস্ত মানুষের সাথে বাস করে: নবজাতক, বয়স্ক মানুষ, সময়ের পূর্বে জন্মানো বা অন্তর্নিহিত স্বাস্থ্য সমস্যা থাকা মানুষ।

সবথেকে বেশি গুরুত্বপূর্ণ, টিকা গ্রহণের তাগিদ দিন।

বার্ষিক ফ্লু টিকা এবং কোভিড-19 টিকা, যার মধ্যে হালনাগাদকৃত বাইভ্যালেন্ট বুস্টার রয়েছে, এখনো মারাত্মক অসুস্থতার বিরুদ্ধে আমাদের সেরা সুরক্ষা।

আপনাদের সাহায্যের জন্য এবং নিউ ইয়র্কবাসীদের সেবা দিতে আপনারা যা যা করেন তার জন্য ধন্যবাদ।

এর পূর্বে এই ফল মৌসুমে, স্বাস্থ্য বিভাগ হাসপাতাল, স্থানীয় স্বাস্থ্য বিভাগ, গবেষণাগার, জরুরি কক্ষ, এবং পারিবারিক চিকিৎসা, প্রাথমিক সেবা, শিশু কিশোরদের চিকিৎসা, সংক্রামক ব্যাধি, স্নায়ুবিজ্ঞান এবং সংক্রমণ নিয়ন্ত্রণে সেবাদানকারীদের জন্য শ্বাসযন্ত্রের অসুস্থতা সম্পর্কে একটি স্বাস্থ্য উপদেশ নোটিশ (Health Advisory Notice) জারি করে। একটি বিশেষ ভাইরাসকে নির্দিষ্ট না করে, বিজ্ঞপ্তিটি এই ধরনের অসুস্থতা থেকে হাসপাতালে ভর্তি বেড়ে যাওয়াকে হাইলাইট করেছে এবং ফেডারেল রিসোর্সগুলো প্রদান করেছে।

এছাড়া এজেন্সির বার্ষিক জনশিক্ষা ক্যাম্পেইনও চলছে, যা প্রাপ্তবয়স্ক ও পিতামাতাদের নিজেদের ও 6 মাস ও তার বেশি বয়সী সন্তানদের জন্য ফ্লু এবং কোভিড-19 উভয় টিকা গ্রহণের কথা

মনে করিয়ে দিচ্ছে। ফ্লু এবং কোভিড-19 টিকার পাশাপাশি, এই ফল মৌসুম ও শীতকালে RSV, ফ্লু এবং কোভিড-19 এ আক্রান্ত হওয়া ও ছড়িয়ে দেওয়া প্রতিরোধের কিছু বাস্তব উপায় রয়েছে:

- ঘনঘন সাবান ও গরম পানি দিয়ে কমপক্ষে 20 সেকেন্ড করে আপনার হাত ধুয়ে নিন নিজেকে জীবাণু থেকে রক্ষা করতে এবং অন্যদের মধ্যে তা ছড়িয়ে দেওয়া এড়াতে।
- সাবান ও পানি উপলভ্য না থাকলে ব্যবহারের জন্য অনন্ত 60 শতাংশ অ্যালকোহলসহ একটি অ্যালকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন।
- আপনার হাতে হাঁচি বা কাশি দিবেন না। বরং, আপনার মুখ এবং নাক একটি টিস্যু দিয়ে ঢাকুন।
- আপনি অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার মধ্যে লক্ষণ দেখা দিলে আপনার নাক মুখ ঢাকে এমন একটি মাস্ক পরিধান করুন।

এছাড়াও এইসব ভাইরাসের ব্যাপারে অবগত সিদ্ধান্ত গ্রহণে নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে সংস্থান উপলভ্য আছে।

- RSV সম্পর্কে তথ্য।

- ফ্যাক্ট শিট এবং অন্যান্য ডাউনলোডযোগ্য বস্তুসহ ফ্লুয়ের ব্যাপারে তথ্য।
- কোভিড-19 ওয়েবসাইটে জনগণ, স্কুল, প্রাপ্তবয়স্কদের কেয়ার ফ্যাসিলিটি এবং মেডিকেল গবেষণাগারের জন্য সংস্থান আছে।
- টিকার কার্যকারিতা সম্পর্কে তথ্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418